গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
লামা, বান্দরবান পার্বত্য জেলা
www.lama.bandarban.gov.bd

**জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর 'জুলিও কুরি' শান্তি পদক প্রাপ্তির ৫০ বছর পূর্তি যথাযোগ্য মর্যাদা ও উৎসবের আমেজে উদ্‌যাপনের লক্ষ্যে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | **মো: মোস্তফা জাবেদ কায়সার**<br>উপজেলা নির্বাহী অফিসার<br>লামা, বান্দরবান পার্বত্য জেলা |
| সভার তারিখ ও সময় | : | ১৮ মে ২০২৩; বিকাল ০৩:০০ টা |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ সভাকক্ষ, লামা |
| সভায় উপস্থিতি | : | **পরিশিষ্ট-ক** |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার শুরুতে গভীর শ্রদ্ধার সাথে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে স্মরণ করা হয়। সভাপতি বলেন, বাঙালি জাতির মুক্তি আন্দোলন এবং বিশ্ব শান্তি প্রতিষ্ঠায় বঙ্গবন্ধুর অবদানের স্বীকৃতি স্বরূপ বিশ্ব শান্তি পরিষদ ১৯৭২ সালের ১০ অক্টোবর পদক প্রাপক হিসেবে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর নাম ঘোষণা করে। ১৯৭৩ সালের ২৩ মে বাংলাদেশে অনুষ্ঠিত এশীয় শান্তি সম্মেলনের এক আড়ম্বরপূর্ণ অনুষ্ঠানের মাধ্যমে পরিষদের তৎকালীন সেক্রেটারি জেনারেল জনাব রমেশচন্দ্র জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে 'জুলিও কুরি' শান্তি পদক প্রদান করেন। স্বাধীন বাংলাদেশে কোনো রাষ্ট্রনেতার এটিই ছিল প্রথম আন্তর্জাতিক পদক লাভ এবং বাংলাদেশের জন্য প্রথম আন্তর্জাতিক সম্মান। তিনি আরো অবহিত করেন ২৩ মে ২০২৩ তারিখ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর 'জুলিও কুরি' শান্তি পদক প্রাপ্তির ৫০ বছর পূর্তি হবে। ৫০ বছর পূর্তি যথাযোগ্য মর্যাদা ও উৎসবের আমেজে উদ্‌যাপনের বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগে ০৯ এপ্রিল ২০২৩ তারিখ ও ১৬ মে ২০২৩ খ্রি. তারিখ এর সভার মাধ্যমে কর্মসূচি চূড়ান্ত করা হয়।

অত:পর সভাপতি, লামা উপজেলায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর 'জুলিও কুরি' শান্তি পদক প্রাপ্তির ৫০ বছর পূর্তি যথাযোগ্য মর্যাদা ও উৎসবের আমেজে উদ্‌যাপনের লক্ষ্যে জেলা প্রশাসকের কার্যালয়, বান্দরবান পার্বত্য জেলা হতে প্রাপ্ত সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ পাঠ করে শুনান। প্রাপ্ত জেলার কর্মসূচির আলোকে লামা উপজেলায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর 'জুলিও কুরি' শান্তি পদক প্রাপ্তির ৫০ বছর পূর্তি যথাযোগ্য মর্যাদায় সুষ্ঠুভাবে উদ্‌যাপনের লক্ষ্যে বিস্তারিত আলোচনাক্রমে সর্বসম্মতভাবে নিম্নরূপ কর্মসূচি গ্রহণ করা হয়:

**০২। কর্মসূচি:**

| ক্রমিক নম্বর | তারিখ ও সময় | গৃহীত কর্মসূচি | স্থান | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/উপকমিটি |
|---|---|---|---|---|
| ০১ | ২৬ মে ২০২৩ (সকাল ০৯:৩০ টা হতে) | চিত্রাংকন<br>(ক, খ ও গ গ্রুপ)<br>ক-গ্রুপ- ৩য় হতে ৫ম শ্রেণি<br>**(বিষয়: বঙ্গবন্ধু)**<br>খ-গ্রুপ-৬ষ্ঠ হতে ৮ম শ্রেণি<br>**(বিষয়: ০৭ ই মার্চের ভাষণ)**<br>গ-গ্রুপ- ৯ম হতে দ্বাদশ শ্রেণি<br>**(বিষয়: বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ )** | লামা ইসলামিয়া ফাজিল মাদ্রাসা | ১। উপজেলা শিক্ষা অফিসার, লামা, বান্দরবান পার্বত্য জেলা<br>২। উপজেলা প্রকৌশলী, লামা, বান্দরবান পার্বত্য জেলা<br>৩। সহকারী কৃষি সম্প্রসারণ কর্মকর্তা, লামা, বান্দরবান |
| ০২ | ২৬ মে ২০২৩ (সকাল ১০:৩০ টা হতে) | কুইজ<br>(খ ও গ গ্রুপ)<br>খ-গ্রুপ-৬ষ্ঠ হতে ৮ম শ্রেণি<br>গ-গ্রুপ- ৯ম হতে দ্বাদশ শ্রেণি<br>**(বিষয়: বঙ্গবন্ধু, মুক্তিযুদ্ধ ও বাংলাদেশ স্টাডিজ)** | লামা ইসলামিয়া ফাজিল মাদ্রাসা | ১। সহকারী কমিশনার (ভূমি), লামা, বান্দরবান পার্বত্য জেলা<br>২। উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা, লামা, বান্দরবান পার্বত্য জেলা<br>৩। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, লামা, বান্দরবান |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ০৩ | ২৮ মে ২০২৩ সকাল-১০ টা | স্বেচ্ছায় রক্তদান কর্মসূচি ও রক্তের গ্রুপ নির্ণয় | লামা সদর হাসপাতাল | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, লামা, বান্দরবান |
| ০৪ | ২৮ মে ২০২৩ সকাল-১১:৩০ টা | আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরস্কার বিতরণ | উপজেলা পরিষদ সভাকক্ষ | প্রধান শিক্ষক, লামা আদর্শ বালিকা উচ্চ বিদ্যালয়, লামা |
| ০৫ | ২৮ মে ২০২৩ (সুবিধাজনক সময়ে) | বঙ্গবন্ধুকে নিয়ে ডকুমেন্টারি প্রদর্শনী | শহরের বিভিন্ন গুরুত্বপূর্ণ/জনবহুল স্থান | সহকারী তথ্য অফিসার, লামা, বান্দরবান পার্বত্য জেলা |
| ০৬ | ২৮ মে ২০২৩ বাদ যোহর/ সুবিধাজনক সময়ে | সকল মসজিদ, মন্দির, গীর্জা, প্যাগোডা ও অন্যান্য উপাসনালয়ে বিশেষ মোনাজাত ও প্রার্থনার আয়োজন | লামা উপজেলার সকল মসজিদ, মন্দির, গীর্জা, প্যাগোডা ও অন্যান্য ধর্মীয় উপাসনালয় | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, লামা, বান্দরবান ও স্ব-স্ব ধর্মীয় প্রতিষ্ঠান প্রধানগণ |
| ০৭ | ২৮ মে ২০২৩ (সুবিধাজনক সময়ে) | সকল শিক্ষা প্রতিষ্ঠানে আলোচনা সভা আয়োজনের ব্যবস্থা | স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠান | ১. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, লামা<br>২. উপজেলা শিক্ষা অফিসার, লামা, বান্দরবান<br>৩। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (সকল), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক, লামা<br>৪। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (সকল), প্রাথমিক পর্যায়, লামা |

**৩। সভায় বিস্তারিত আলোচনা-পর্যালোচনা ও মতামতের ভিত্তিতে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়:**

৩.১) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর 'জুলিও কুরি' শান্তি পদক প্রাপ্তির ৫০ বছর পূর্তি উপলক্ষ্যে চিত্রাংকন ও কুইজ প্রতিযোগিতা আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ ফলাফল প্রস্তুত করে সভাপতি বরাবর জমা দেয়ার জন্য উল্লিখিত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে অনুরোধ করা হয়;

৩.২) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর 'জুলিও কুরি' শান্তি পদক প্রাপ্তির ৫০ বছর পূর্তি উপলক্ষে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান চলাকালীন সার্বক্ষণিক বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার জন্য আবাসিক প্রকৌশলী, বিদ্যুৎ বিতরণ বিভাগ, লামা, বান্দরবান পার্বত্য জেলাকে অনুরোধ করা হয়;

৩.৩) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর 'জুলিও কুরি' শান্তি পদক প্রাপ্তির ৫০ বছর পূর্তি উপলক্ষে গৃহীত বিভিন্ন কর্মসূচিতে আইন শৃংখলা রক্ষার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, লামা থানাকে অনুরোধ করা হলো।

৩.৪) জাতীয় এবং জেলার কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে এ উপজেলার সকল ইউনিয়নে অনুরূপ কর্মসূচি গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়;

পরিশেষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর 'জুলিও কুরি' শান্তি পদক উদযাপনের সকল কর্মসূচী সুষ্ঠু ও সফলভাবে বাস্তবায়নের জন্য উপস্থিত সকলকে ঐক্যবদ্ধ ভাবে কাজ করার আহবান জানিয়ে সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৮/০৫/২০২৩

মো: মোস্তফা জাবেদ কায়সার
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর 'জুলিও কুরি'
শান্তি পদক ২০২৩ উদযাপন কমিটি
লামা, বান্দরবান পার্বত্য জেলা
ফোন: +৮৮০২৩৩৩৩০৩৮০২ (অফিস)
e-mail: unolama@mopa.gov.bd

CamScanner

স্মারক নং-০৫.৪২.০৩৫১.৩০৫.০৬.০১৭.২৩. ২৯৪

তারিখ: ০৪ জ্যৈষ্ঠ ১৪৩০
১৮ মে ২০২৩

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হল:**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, সংস্কৃতিক বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৪। জেলা প্রশাসক, বান্দরবান পার্বত্য জেলা।
৫। মন্ত্রীর একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। চেয়ারম্যান, লামা উপজেলা পরিষদ, বান্দরবান পার্বত্য জেলা।
৭। মেয়র, লামা পৌরসভা, লামা, বান্দরবান পার্ব'ত্য জেলা।
৮। অফিসার ইন চার্জ, লামা থানা।
৯। উপজেলা ......................................কর্মকর্তা, লামা, বান্দরবান পার্বত্য জেলা।
১০। ............................................................ লামা, বান্দরবান পার্বত্য জেলা।
১১। সংরক্ষণ নথি।

১৮/৫/২০২৩
**উপজেলা নির্বাহী অফিসার**
লামা, বান্দরবান পার্বত্য জেলা